দৈনিক সংবাদ

তারিখ 2 0 JAN 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

৫

২৪

# সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক পদে নিয়োগ পরীক্ষা ৫ ও ১২ই ফেব্রুয়ারি

সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রধান ও সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে (১৯৯২ সালের এপ্রিল মাসের ৩য় ও ৪র্থ সপ্তাহে দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি অনুসারে) এবং সহকারী শিক্ষিকা পদে (১৯৯২ সালের নভেম্বর মাসের চতুর্থ সপ্তাহে দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি অনুসারে) নিয়োগের জন্য লিখিত পরীক্ষা আগামী ৫ ও ১২ই ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে।

প্রধান শিক্ষক/শিক্ষিকা পদের পরীক্ষা ৫ই ফেব্রুয়ারি শুক্রবার সকাল ১০টায় এবং সহকারী শিক্ষক/শিক্ষিকা পদের পরীক্ষা ১২ই ফেব্রুয়ারি শুক্রবার সকাল ১০টায় সংশ্লিষ্ট জেলা/মহানগর কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, ইতিপূর্বে যারা প্রবেশপত্র পেয়েছেন তাদের সে প্রবেশপত্র বহাল থাকবে। খবর সরকারী তথ্য বিবরণীর।